গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাজবাড়ী
(গোপনীয় শাখা)
www.rajbari.gov.bd

স্মারক নম্বর : ০৫.৩০.৮২০০.০০১.১৬.০২১.২০ 2260  তারিখ : ২৫/০৭/২০২৩ খ্রি.

## রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলাধীন বালিয়াকান্দি সদর ইউনিয়ন পরিষদ কার্যালয় পরিদর্শন প্রতিবেদন।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম : আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী
পরিদর্শনের তারিখ : ১০/০৭/২০২৩ খ্রি.

পূর্বনির্ধারিত সময়সূচি মোতাবেক গত ১০/০৭/২০২৩ রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলাধীন বালিয়াকান্দি সদর ইউনিয়ন পরিষদ ও ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করি। পরিদর্শনকালে উপজেলা নির্বাহী অফিসার জনাব রফিকুল ইসলাম; ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আলমগীর বিশ্বাস; ইউনিয়ন পরিষদ সচিব, ইউনিয়ন পরিষদের সদস্যগণ, দফাদার ও মহল্লাদারগণ এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ উপস্থিত ছিলেন।

ইউনিয়ন পরিষদের অবস্থান : বালিয়াকান্দি উপজেলার প্রানকেন্দ্রে বালিয়াকান্দি সদর ইউনিয়ন পরিষদ অবস্থিত। সুন্দর ও মনোরম পরিবেশ দ্বারা বেষ্টিত বালিয়াকান্দি সদর ইউনিয়ন জেলার একটি অন্যতম ইউনিয়ন হিসেবে পরিচিত। এর আয়তন ৯.১৩ বর্গ কিলোমিটার, জনসংখ্যা ৩০,৭৪৫ জন, খানা সংখ্যা ৬,৭৯৫, ভোটার সংখ্যা ২৬,৩৪৩, মৌজা সংখ্যা ২০ টি ও গ্রাম সংখ্যা ৩১ টি। এ ইউনিয়নে ০৬ টি উচ্চ বিদ্যালয়, ০৭ টি মাদ্রাসা এবং ১০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে।

**১। সাধারণ তথ্য :**

জেলার নাম : রাজবাড়ী
উপজেলা : বালিয়াকান্দি
ইউপির নাম ও কোড : বালিয়াকান্দি সদর ইউপি, কোড-৩৮২০৭১৯

**২। পরিদর্শন রেজিস্টার :**

পরিদর্শন রেজিস্টারটি পরীক্ষাকালে দেখা যায়, সাদা কাগজে বাঁধানো অবস্থায় পৃষ্ঠা সংখ্যার প্রত্যয়ন দিয়ে রেজিস্টারটি ব্যবহার করা হচ্ছে। সর্বশেষ গত ২৪/০১/২০২৩ তারিখে জনাব আসাদুজ্জামান রিপন, উপপরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী এ অফিস পরিদর্শন করেছেন দেখা যায়। তার পরিদর্শন মন্তব্যের আলোকে গৃহীত ব্যবস্থার বিবরণ রেজিস্টারে এন্ট্রি আছে। রেজিস্টারের রক্ষণাবেক্ষণ সন্তোষজনক।

**৩। বাজেট :**

পরিদর্শনের সময় ইউনিয়ন পরিষদের বাজেট পরীক্ষাকালে দেখা যায়, ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট ইউনিয়ন পরিষদের বাজেট সভায় অনুমোদনের পর উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অনুমোদিত হয়েছে। বাজেটের মোট আয় ধরা হয়েছে ১,৬৪,৫০,০০০/-(এক কোটি চৌষট্টি লক্ষ পঞ্চাশ হাজার টাকা)। অনুমোদিত বাজেট অনুযায়ী ইউনিয়ন পরিষদের আয়-ব্যয় কার্যক্রম পরিচালনা করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে পরামর্শ প্রদান করা হলো।

**৪। গার্ড ফাইল :**

এ ইউনিয়ন পরিষদে গার্ড ফাইল সংরক্ষণ করা হচ্ছে এবং এর প্রারম্ভে সূচিপত্র আছে। ইউনিয়ন পরিষদ সংক্রান্ত প্রাপ্ত সকল সরকারি সার্কুলারসমূহ গার্ডফাইলে সংরক্ষণ করার জন্য ইউনিয়ন পরিষদের সচিবকে নির্দেশ দেয়া হলো।

৫। ট্যাক্স ধার্য ও আদায় :

চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে পূর্ববর্তী বছরের বকেয়াসহ মোট ধার্যকৃত ১২,০০,০০০/- টাকার মধ্যে ১১,৭৭,১৩৪/- টাকা আদায় হয়েছে যা ধার্যকৃত ট্যাক্সের ৯৮%। ট্যাক্স আদায়ের হার শতভাগে উন্নীত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে পরামর্শ দেওয়া হল।

৬। ইউনিয়ন পরিষদের সভা :

২০২২-২০২৩ অর্থ বছরে ইউনিয়ন পরিষদে এ পর্যন্ত ১১ টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়েছে এবং এতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের স্বাক্ষর আছে। মাসিক সভা ছাড়া অন্যান্য কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে পরামর্শ দেওয়া হল।

৭। ক্যাশ বই :

ক্যাশবইসমূহ পরীক্ষা করা হলো। ক্যাশ বই পর্যালোচনা করে দেখা যায়, ক্যাশবই সমূহ স্থানীয় ভাবে ছাপানো ফরমে ব্যবহার করা হচ্ছে এবং পৃষ্ঠা সংখ্যার প্রত্যয়ন রয়েছে। লিখিত হিসাব অনুযায়ী সাধারণ ক্যাশ বহিতে ৫২৯.১৯/- টাকা, জন্ম নিবন্ধন সংক্রান্ত ক্যাশ বহিতে ০০/- টাকা, এলজিএসপি সংক্রান্ত ক্যাশ বহিতে ০০/- টাকা এবং ভূমি হস্তান্তর ক্যাশ বহিতে ৯.৬৭৭/- টাকা স্থিতি রয়েছে। ক্যাশ বই সমূহের রক্ষণাবেক্ষণ সন্তোষজনক। সকল প্রকার আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পাদন করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে পরামর্শ দেওয়া হল।

৮। রশিদ বহি স্টক রেজিস্টার :

রশিদ বহি স্টক রেজিস্টারটি ছাপানো ফরমে পৃষ্ঠা সংখ্যার প্রত্যয়নসহ ব্যবহার করা হচ্ছে। বর্তমান ২০২২-২০২৩ অর্থ বছরে ৫০ টি রশিদ বই ছাপানো হয়েছে। এ পর্যন্ত ৫০ টি বই ব্যবহৃত হয়েছে।

৯। জন্ম-মৃত্যু নিবন্ধন রেজিস্টার :

জন্ম-মৃত্যু নিবন্ধন রেজিস্টার দুটি পরীক্ষা করা হলো । দেখা যায়, রেজিস্টার দুটি নির্ধারিত ফরমে বাঁধানো অবস্থায় সংরক্ষণ করা হচ্ছে। বর্তমানে জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রম অনলাইনে সম্পাদন করা হচ্ছে। অনলাইনের পাশাপাশি জন্ম মৃত্যু নিবন্ধনের তথ্যাদি জন্ম-মৃত্যু নিবন্ধন রেজিস্টারে লিপিবদ্ধ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

১০। গ্রাম আদালত ব্যবস্থাপনা :

গ্রাম আদালত ব্যবস্থাপনার নথিপত্র পর্যালোচনায় দেখা যায়, চলতি পঞ্জিকা বছরে মোট দায়েরকৃত ১২ টি মামলার মধ্যে ১২ টিই মামলা আপোষ মীমাংসা সূত্রে নিষ্পত্তি হয়েছে ।

১১। দৈনিক আদায় রেজিস্টার :

দৈনিক আদায় রেজিস্টার পরীক্ষা কালে দেখা যায়, সাদা কাগজে ছাপানো খাতায় পৃষ্ঠা সংখ্যার প্রত্যয়ন দিয়ে ব্যবহার করা হচ্ছে। রেজিস্টারটি যথাযথ ভাবে সংরক্ষণ করা হচ্ছে কিনা তা মাঝে মাঝে পরীক্ষা করে এতে প্রতিপাদন মূলক স্বাক্ষর প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে পরামর্শ দেয়া হলা।

১২। ট্যাক্স এসেসমেন্ট রেজিস্টার :

ট্যাক্স এসেসমেন্ট রেজিস্টারটি সাদা কাগজে বাঁধানো অবস্থায় পৃষ্ঠা সংখ্যার প্রত্যয়ন দিয়ে ব্যবহার করা হচ্ছে। রেজিস্টারটির রক্ষণাবেক্ষণ সন্তোষজনক।

১৩। উন্নয়ন প্রকল্প :

২০২২-২০২৩ অর্থ বছরে এ পর্যন্ত টিআর বরাদ্দ প্রাপ্তি ২,৪৪,০০০/-টাকা যা দ্বারা ০২ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং ইতোমধ্যে ২ টি প্রকল্পই বাস্তবায়িত হয়েছে।

**১৪। ভূমি হস্তান্তর করের ১% :**

ভূমি হস্তান্তর করের ১% হতে ২০২২-২০২৩ ইং অর্থ বছরে প্রাপ্ত ২,৩৬,০০০/- টাকার ২ (দুটি) প্রকল্প বাস্তবায়ন হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা গেল।

**১৫। ইউনিয়ন ডিজিটাল সেন্টার :**

পরিদর্শনের সময় সরেজমিনে উদ্যোক্তাদের সাথে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা করা হয় এবং এখানে প্রদত্ত সেবার পরিমাণ ও মান ইত্যাদি পর্যালোচনা করা হয় । উদ্যোক্তাগণ জানান যে, মে ২০২৩ মাসে ১৭,১২০/- টাকা আয় হয়েছে। ইউডিসির রেকর্ডপত্র যাচাই করে এবং চেয়ারম্যানের সাথে আলাপ করে প্রতীয়মান হয় যে, এ সেন্টারের কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে। এ ধারা অব্যাহত রাখার জন্য উদ্যোক্তাদের পরামর্শ দেওয়া হল।

**১৬। সার্বিক মন্তব্য :**

সার্বিক বিবেচনায় উজানচর ইউনিয়ন পরিষদের কার্যক্রম মোটামুটি সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। তবে অফিস ব্যবস্থাপনার মান উন্নয়ন, সকল কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান, ট্যাক্স আদায় কার্যক্রম জোরদার করণ এবং এলাকার সার্বিক উন্নয়ন কার্যক্রমে আরো তৎপরতা বৃদ্ধি করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নির্দেশনা প্রদান করা হল।


আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী
ফোন : ০২৪৭৮৮০৭৫৩৩
মোবাইল : ০১৭৩৩৩৩৬৪০০
ইমেইল: dcrajbari@mopa.gov.bd


বিতরণ :
সদয় জ্ঞাতার্থে :

১। মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ : উপসচিব, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা]

২। সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। বিভাগীয় কমিশনার
ঢাকা বিভাগ, ঢাকা

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

৪। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী
৫। উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী
৬। চেয়ারম্যান, উজানচর ইউনিয়ন পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী